

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫১৮

পর্ব-১১: হজ (এш। باتك)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِلُ الْأُوَّلُ

#### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: اعْتَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْبَعٌ عُمَرٍ كُلُّهُنَّ فِي ذِي الْقَعْدَةِ وَعُمْرَةً مِنَ الْعُامِ الْمُقْبِلِ فِي إِلَّا الَّتِي كَانَتْ مَعَ حَجَّتِهِ: عُمْرَةً مِنَ الْحُدَيْبِيَةِ فِي ذِي الْقَعْدَةِ وَعُمْرَةً مِنَ الْعَامِ الْمُقْبِلِ فِي ذِي الْقَعْدَةِ وَعُمْرَةً مَعَ ذِي الْقَعْدَةِ وَعُمْرَةً مَعَ حَجَّتِهِ حَيْثُ قَسَّمَ غَنَائِمَ حُنَيْنٍ فِي ذِي الْقَعْدَةِ وَعُمْرَةً مَعَ حَجَّتِهِ حَيْثُ عَسَّمَ غَنَائِمَ حُنَيْنٍ فِي ذِي الْقَعْدَةِ وَعُمْرَةً مَعَ حَجَّتِهِ

### বাংলা

২৫১৮-[১৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম মোট চারবার 'উমরা পালন করেছেন। হজের সাথে 'উমরা ছাড়া প্রত্যেকটি 'উমরা পালন করেছেন যিলকদ মাসে। এক 'উমরা করেছেন হুদায়বিয়াহ্ নামক স্থান হতে যিলকদ মাসে (আগমনকারী বৎসরে), আর এক 'উমরা করেছেন জি'রানাহ্ নামক স্থান থেকে, যেখানে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হুনায়ন যুদ্ধেলব্ধ গনীমাতের মাল বন্টন করেছিলেন যিলকদ মাসে। আর এক 'উমরা তিনি পালন করেছেন (দশম হিজরীতে তাঁর বিদায়) হজের মাসে। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪১৪৮, মুসলিম ১২৫৩, আবৃ দাউদ ১৯৯৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৭৩৮, সহীহ ইবনু হিব্বান ৩৭৬৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস প্রমাণ করে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরতের পর চারটি 'উমরা করেছেন। এর সবগুলোই যিলকদ মাসে করেছেন। বিদায় হজের 'উমরাটি যদিও যিলহজ্জ মাসে করেছেন তথাপি তার জন্য



ইহরাম বাঁধা হয় যিলকদ মাসেই। তাই বলা হয়ে থাকে যে, এ চারটি 'উমরাই তিনি যিলকদ মাসে করেছেন। এর কারণ এই যে, জাহিলী যুগের লোকেরা মনে করত যে, হজ্জের মাসসমূহে (শা'বান, যিলকদ, যিলহাজ্জ) 'উমরা করা সবচাইতে গর্হিত কাজ। তাই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চারটি 'উমরা হজ্জের মাসে সম্পাদন করেছেন যাতে বুঝতে পারা যায় যে, জাহিলী যুগের লোকেরা যা বলত তা বাতিল।

বারা ও ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'বার 'উমরা করেছেন। 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'টি 'উমরা করেছেন যিলকদ মাসে এবং একটি 'উমরা করেছেন শাও্ওয়াল মাসে।

'উমার (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হজ্জের পূর্বে যিলকদ মাসে তিনটি 'উমরা করেছেন।

আনাস (রাঃ) বর্ণিত অত্র হাদীস এবং যে সমস্ত হাদীসে বর্ণিত হয়েছে যে, তিনি দু'বার 'উমরা করেছেন এর সমস্বয় এই যে, তারা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হজ্জের সাথে 'উমরা গণ্য করেননি। আর তা ছিল যিলহজ্জ মাসে। অনুরূপভাবে হুদায়বিয়ার 'উমরাকেও তারা গণ্য করেননি। এজন্য যে, তা পূর্ণতা পায়নি মুশরিকদের বাধা দেয়ার কারণে। আর যারা বলেছেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনবার 'উমরা করেছেন তারা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হজ্জের সাথে 'উমরাটি গণ্য করেননি তা যিলহজ্জ মাসে হজ্জের সাথে হওয়ার কারণে, যেমনটি 'উমার (রাঃ)-এর বর্ণনায় এসেছে। 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত শাও্ওয়াল মাসের 'উমরার সমন্বয় এই যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা শুরু করেছিলেন শাও্ওয়াল মাসের শেষের দিকে আর তা সমাপ্তি ঘটেছে যিলকদ মাসে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন